# কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সূত্র নং- ৩৬.০১.৮৪৩৬.৭০৭.১৮.(০.০১).২৫/২৮

তারিখঃ ২৩.১০.২০২৫ খ্রি.

## ঃ বিশেষ বি জ্ঞ প্তি ঃ

আগুন হতে সাবধান !

আগুন হতে সাবধান !

বর্তমানে দেশের বিভিন্ন স্থানে সম্প্রতি সংঘটিত একাধিক অগ্নিকান্ডের ঘটনায় জনমনে উদ্বেগ ও জানমালের যে ক্ষতি সাধিত হয়েছে তা বর্তমান কেপিএম ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অবগত। কেপিএম লিঃ এর জান এবং মালের নিরাপত্তার সার্থে সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনে অগ্নিকান্ড রোধকল্পে নিম্নবর্ণিত এলাকায় আগুন জ্বালানো রোধসহ সাবধানতার সহিত দায়িত্ব পালন করার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে ঃ-

০১। বিটার হাউজ, মেশিন হাউজ, কাটার মেশিন, বেলিং, ফিনিশিং, মেশিন হাউজের নিচে, ২২ নং গোডাউন, সকল পাল্প গোডাউন/এলাকা, কাগজ রূপান্তর, কেমিক্যাল প্ল্যান্ট, পেপার গোডাউন, টারবাইন হাউজ, ভান্ডার ও বাঁশকেন্দ্রসহ অন্যান্য এলাকায় যত্রতত্র বিড়ি/সিগারেট/ ধুমপান না করা, মশার কয়েল জ্বালানো হতে বিরত থাকা এবং যে কোন ধরণের অগ্নি সংযোগ নিষিদ্ধ করা হলো ;

০২। অগ্নিকান্ডে সহায়ক সকল দাহ্যবস্তু যেমনঃ দিয়াশলাই, বিড়ি/সিগারেট ইত্যাদি সাময়িকভাবে মিল অভ্যন্তরে প্রবেশ নিষিদ্ধ করা হলো ;

০৩। চুলার উপর জ্বালানো কাঠ শুকাতে দিবেন না ;

০৪। রান্না শেষে গ্যাসের চুলা বন্ধ রাখুন ;

০৫। সকল অফিস এবং বাসা-বাড়ী পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন ;

০৬। বৈদ্যুতিক তার মাঝে মধ্যে পরীক্ষাকরণ এবং পুরাতন তার/ত্রুটিপূর্ণ তার বদলানোর জন্য বৈদ্যুতিক শাখার সাহায্য নিন ;

০৭। সকল অফিস এবং বাসা বাড়ীর বৈদ্যুতিক ফ্যান ও লাইট বিনা প্রয়োজনে চালিয়ে/জ্বালিয়ে রাখবেন না ;

০৮। পাহাড়ে/জঙ্গলে/রাস্তায়/বাগানে/আশে-পাশে, অযথা আগুন লাগাবেন না বা অন্যকেও আগুন লাগাতে দিবেন না ;

০৯। ছোট ছেলে-মেয়েদের আগুন নিয়ে খেলতে দিবেন না। সব সময় হাতের কাছে পানি ও বালতি মজুত রাখুন। আগুন যত ছোট হোক না কেন তা বিপদজনক। আগুন ধরলে সাথে সাথে তা নিভিয়ে দেওয়ায় জন্য কর্তব্যরত ফায়ার সার্ভিস আপনাকে সাহায্য করার জন্য সর্বদা প্রস্তুত রয়েছে।

### জরুরী যোগাযোগের ফোন নম্বর।

০১। কেপিএম ফায়ার সার্ভিসের টেলিফোন নং- ৪৪৪/০১৬৮৭৮১৫৯৩২/ নিঃ ও ফাঃ কর্মকর্তা =০১৭১৩-২২৫৬২৫

০২। কাপ্তাই ফায়ার সার্ভিসের টেলিফোন নং- ০২৩৩৪৪৬১৩৮০/০১৯০১-০২১৬৪১

০৩। রাঙ্গুনিয়া ফায়ার সার্ভিসের টেলিফোন নং- ০৩০২৫৫৬২৫৫

অবশ্যই সকলকে মনে রাখতে হবে যে, অধিকাংশ অগ্নিকান্ড অসাবধানতার জন্য ঘটে থাকে। তাই অসাবধানতামূলক কাজ হতে বিরত থেকে কারখানা ও কলোনী তথা জাতীয় সম্পদ ভয়াবহ অগ্নিকান্ড জনিত ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। এ ব্যাপারে সকলের একান্ত সহযোগিতা কামনা করছি।

২৩/১০/২৫

(রাজু দেশোয়ারা)
নিরাপত্তা ও ফায়ার কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।